**AKASHVANI (Kolkata)**

**Regional News Unit**

**Date : 27-08-24** **Desk in Charge :**

**Time : 7.50 P.M.** **Compiling :**

**Opening Announcement –** আকাশবাণী / খবর পড়ছি –

বিশেষ বিশেষ খবর –

১/ ছাত্র সমাজের ডাকা 'নবান্ন অভিযান'-কে কেন্দ্র করে জনতা-পুলিশ খন্ডযুদ্ধে আজ পরিস্থিতি অগ্নিগর্ভ হয়ে ওঠে। # ADG দক্ষিণবঙ্গের দাবী, আন্দোলন মোকাবিলায় যথেষ্ট সংযমের পরিচয় দিয়েছে পুলিশ।

# ছাত্রদের ওপর পুলিশের আক্রমণের প্রতিবাদে বিজেপি আগামীকাল ১২ ঘন্টার বাংলা বন্‌ধের ডাক দিয়েছে। # রাজ্য সরকার জানিয়েছে, আগামীকাল জনজীবন সচল রাখতে সবরকম ব্যবস্থা নেওয়া হবে।

২/ আর জি করের সেমিনার রুমের ৯'ই আগস্টের ভাইরাল ভিডিও নিয়ে কলকাতা পুলিশের ডি সি সেন্ট্রালের বক্তব্য অসত্য বলে জানিয়েছেন নিহত চিকিৎসকের বাবা।

৩/ কলকাতা হাইকোর্টের ওবিসি রায়কে চ্যালেঞ্জ জানিয়ে, রাজ্য সরকারের দায়ের করা মামলায় সুপ্রিম কোর্টের পরবর্তী শুনানি দোসরা সেপ্টেম্বর।

৪/ নিম্নচাপের প্রভাবে দক্ষিণবঙ্গে এখন বৃষ্টি চলবে।

৫/ গতবারের বিজয়ী মোহনবাগান সুপার জায়েন্ট, ডুরান্ড কাপ ফুটবলের ফাইনালে উঠেছে।

**********************************************************************

RG KAR কান্ডের প্রতিবাদে এবং মুখ্যমন্ত্রীর পদত্যাগের দাবীতে, ছাত্র সমাজের ডাকা 'নবান্ন অভিযান'-কে কেন্দ্র করে জনতা-পুলিশ খন্ডযুদ্ধে আজ পরিস্থিতি অগ্নিগর্ভ হয়ে ওঠে। কলকাতা ও হাওড়ার নবান্নমুখী সব রাস্তাই রণোক্ষেত্রে পরিণত হয়। মুহুর্মুহু কাঁদানে গ্যাস এবং লাগাতার জল কামান ছুঁড়েও মিছিলকারীদের হঠানো যায়নি। আমাদের সংবাদদাতার একটি প্রতিবেদন-

( ভিসি- অভিরূপ)

ছাত্রদের ওপর পুলিশের আক্রমণের প্রতিবাদে বিজেপি আগামীকাল ১২ ঘন্টার বাংলা বন্ধের ডাক দিয়েছে। দলের রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার আজ কলকাতায় সাংবাদিকদের একথা জানান। ( বাইট- সুকান্ত )

আগামীকাল থেকে দলের ধর্না সহ বিভিন্ন কর্মসূচী পিছিয়ে দেবার কথাও জানান শ্রী মজুমদার।

অন্যদিকে, পুজোর আগে বাংলার অর্থনীতির ওপর আঘাত হানতেই বিজেপি আগামীকাল বাংলা বন্‌ধের ডাক দিয়েছে বলে তৃণমূল কংগ্রেস অভিযোগ করেছে। দলের মুখপাত্র, অর্থমন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য আজ নবান্নে মন্ত্রী ব্রাত্য বসু, অরূপ বিশ্বাস ও ইন্দ্রনীল সেনকে পাশে নিয়ে এক সাংবাদিক বৈঠকে বলেন, সাধারণ মানুষ বিজেপির অভিসন্ধি বুঝতে পারছে।

(বাইট- চন্দ্রিমা )

*******************

বিজেপির ডাকা বন্‌ধ, রাজ্য সরকার মানবে না, আগামীকাল জনজীবন সচল রাখতে সবরকম ব্যবস্থা নেওয়া হবে বলে মুখ্যমন্ত্রীর প্রধান উপদেষ্টা আলাপন বন্দ্যোপাধ্যায় জানিয়েছেন। আজ নবান্নে সাংবাদিকদের তিনি বলেন, সাধারণ মানুষ কর্মনাশা বন্‌ধের ডাকে সাড়া দেবেননা বলে সরকার আশা করে।

( বাইট- আলাপন )

কোনো রকম প্ররোচনায় পা না দিয়ে পুলিশ আজ অত্যন্ত সংযমের সঙ্গে ছাত্র সমাজের আন্দোলনের মোকাবিলা করেছে বলে ADG দক্ষিণবঙ্গ সুপ্রতীম সরকার দাবী করেছেন। আজ সন্ধ্যায় নবান্নে ADG আইনশৃঙ্খলা মনোজ ভার্মার সঙ্গে এক যৌথ সাংবাদিক বৈঠকে তিনি বলেন, তিন ঘন্টা ধরে যারা তান্ডব চালিয়েছে, তারা কেউ ছাত্র সমাজের প্রতিনিধি বলে তাঁদের মনে হয়নি।

( বাইট- সুপ্রতিম সরকার )

জনজীবন স্বাভাবিক রাখতে রাষ্ট্রীয় পরিবহনের সব কর্মীর ছুটি আগামীকাল বাতিল করা হয়েছে বলে জানিয়েছেন, রাজ্যের পরিবহণ মন্ত্রী স্নেহাশিস চক্রবর্তী।

(বাইট- স্নেহাশিস )

নবান্ন অভিযানকে ঘিরে আজকের ধুন্ধুমার কান্ডে পুলিশ মোট ১২৬ জনকে গ্রেপ্তার করেছে বলে লালবাজার সূত্রে জানা গেছে।

*******************

এদিকে, গ্রেপ্তার হওয়া ছাত্রদের মুক্তির দাবীতে সুকান্ত মজুমদার সহ বিজেপি নেতা কর্মীদের লালবাজার অভিযানকে কেন্দ্র করে'ও আজ পরিস্থিতি উত্তপ্ত হয়ে ওঠে। পুলিশ মিছিল আটকে দিলে রাস্তায় বসে বিক্ষোভ দেখান তাঁরা।
ব্যারিকেড ভেঙে বিজেপি কর্মীরা এগোনোর চেষ্টা করলে পুলিশ কাঁদানে গ্যাস ছোঁড়ে। তার ধোঁয়ায় অসুস্থ হয়ে পড়েন রাজ্য সভাপতি তথা কেন্দ্রীয় শিক্ষা প্রতিমন্ত্রী। নিরাপত্তা রক্ষী এবং দলীয় কর্মীরা দ্রুত তাঁকে সরিয়ে নিয়ে যান।

*******************

সংগ্রামী যৌথ মঞ্চ, শান্তিপূর্ণভাবে নবান্ন অভিযানে সামিল হলেও পুলিশ বিনা প্ররোচনায় টিয়ার গ্যাস, জল কামান, ইঁট ছোড়ে ও হিংসাত্মক হয়ে ওঠে বলে অভিযোগ সংগ্রামী যৌথ মঞ্চের আওহ্বায়ক ভাস্কর ঘোষের | বিকাল চারটে পর্যন্ত ময়দানে বসে অবস্থান করেন তাঁরা|

*******************

আর জি কর মেডিক্যাল কলেজের সেমিনার রুমে ৯'ই আগস্ট সকালে চিকিৎসক ধর্ষণ ও খুনের ঘটনার কথা জানার পর সেখানে বহু মানুষের ভিড় করার ভাইরাল ভিডিও নিয়ে

কলকাতা পুলিশের ডিসি সেন্ট্রাল ইন্দিরা মুখোপাধ্যায়ের বক্তব্য অসত্য বলে নির্যাতিতার বাবা জানিয়েছেন। আজ সাংবাদিকদের তিনি বলেন, মেয়ের মৃতদেহ ঘেরা ছিলনা।

(বাইট- নির্যাতিতার বাবা )

*******************

RG KAR হাসপাতালের চিকিৎসক তরুণীর ধর্ষণ ও হত্যার প্রতিবাদে এবং ন্যায় বিচারের দাবীতে যাদবপুর বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির ডাকে আজ মানব বন্ধন ও বিক্ষোভ কর্মসূচী পালিত হয়।

প্রতিবাদ মিছিল বের করেন পূর্ব রেলের শিয়ালদা ডিভিশনের কর্মীরা। শিয়ালদা স্টেশন চত্ত্বর ও DRM বিল্ডিং ঘুরে মিছিল যায় B R সিং হাসপাতাল পর্যন্ত।

অন্যদিকে, বারাসাত মেডিকেল কলেজ হাসপাতালে নবনিযুক্ত অধ্যক্ষ সুহৃতা পাল আজ কলেজে ঢোকার সময় তাঁকে ঘিরে বিক্ষোভ দেখায় SFI ও DYFI সমর্থকরা। বারাসাত হাসপাতালকে আর জি কর-এর মতো দুর্নীতির আখড়া করতে দেওয়া হবে না বলে জানান তারা। পরে পুলিশ গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে।

*******************

নাবালিকা ধর্ষণের প্রতিবাদে এবং দোষীর দৃষ্টান্তমূলক শাস্তির দাবীতে আজ কোচবিহারের কোতোয়ালি থানা ঘেরাও করে বিক্ষোভ দেখায় বিজেপি। উপস্থিত ছিলেন দলীয় বিধায়করা। চান্দামারিতে আট বছরের ওই মেয়েটিকে ধর্ষণের অভিযোগ ওঠে এক প্রতিবেশীর বিরুদ্ধে। পুলিশ তাকে গ্রেপ্তার করেছে।

*******************

কলকাতা হাইকোর্টের ওবিসি রায়কে চ্যালেঞ্জ জানিয়ে, পশ্চিমবঙ্গ সরকারের দায়ের করা মামলায় সুপ্রিম কোর্ট দোসরা সেপ্টেম্বর পর্যন্ত শুনানি স্থগিত রেখেছে। রাজ্যের তরফে প্রবীণ আইনিজীবি কপিল সিবাল, মামলার অন্যান্য পক্ষের পেশ করা নির্দিষত কিছু নথির জবাব দেবার জন্য সময় চাইলে, প্রধান বিচারপতি ডি ওয়াই চন্দ্রচূড়, বিচারপতি জে বি পারদিওয়ালা ও বিচারপতি মনোজ মিশ্রের বেঞ্চ, আগামী সোমবার শুনানির পরবর্তী দিন ধার্য করেন।

উল্লেখ্য, ২০১২-র পশ্চিমবঙ্গ অনগ্রসর শ্রেণী সংরক্ষণ আইন অনুযায়ী ৭৭ টি গোষ্ঠীর OBC তালিকাভুক্তি, হাইকোর্ট খারিজ করে দেয়। এর ফলে বাতিল হয়ে যায় প্রায় পাঁচ লক্ষ OBC সার্টিফিকেট।

এর বিরুদ্ধে রাজ্য সরকারের আবেদনের শুনানিতে শীর্ষ আদালত, কোন্ সমীক্ষার ভিত্তিতে ঐ গোষ্ঠীগুলিকে OBC তালিকাভুক্ত করা হয়েছিল এবং এই জন্য কোনো পরামর্শ করা হয়েছিল কিনা, রাজ্যের কাছে তার ব্যাখ্যা চায়।

*******************

গাঙ্গেয় পশ্চিমবঙ্গের ওপর থাকা সুস্পষ্ট নিম্নচাপ ক্ষেত্রটি আজ সকালে উত্তর পশ্চিম ঝাড়খণ্ডের ওপর অবস্থান করছিল। আগামী ২৪ ঘন্টায় এটির ক্রমশ আরও পশ্চিম-উত্তর পশ্চিম দিকে সরে গিয়ে দুর্বল হয়ে পড়ার সম্ভাবনা।

পাশাপাশি, উত্তর গুজরাটের ওপর সৃষ্ট গভীর নিম্নচাপের কেন্দ্র থেকে বিস্তৃত রয়েছে মৌসুমী অক্ষরেখা।

অন্যদিকে বৃহস্পতিবার নাগাদ পূর্ব মধ্য ও সংলগ্ন উত্তর বঙ্গোপসাগরের ওপর নতুন করে একটি নিম্নচাপ অঞ্চল তৈরি হতে চলেছে। এটি ধীরে ধীরে দক্ষিণ ওড়িশা ও উত্তর অন্ধ্র উপকূলের দিকে এগোবে। এর প্রভাবে দক্ষিণবঙ্গের অনেক জায়গায় ৩১ তারিখ পর্যন্ত বজ্রবিদ্যুৎসহ বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আবহাওয়া দপ্তর।

*******************

গতবারের বিজয়ী মোহনবাগান সুপারজায়ান্ট ১৩৩-তম ডুরান্ড কাপ ফুটবলের ফাইনালে উঠেছে। যুবভারতী ক্রীড়াঙ্গনে আজ দ্বিতীয় সেমিফাইনালে মোহনবাগান টাইব্রেকারে ৪-৩ গোলে ব্যাঙ্গালুরু এফসি-কে হারিয়ে দিয়েছে। নির্ধারিত সময়ে খেলা ২-২ থাকার পর টাইব্রেকারে ম্যাচের নিষ্পত্তি হয়। নির্ধারিত সময়ে মোহনবাগানের পক্ষে দিমিত্রি পেত্রাতোস ও অনিরুদ্ধ থাপা, ব্যাঙ্গালুরু এফসির সুনীল ছেত্রী ও ভিনিত ভেঙ্কটেশ গোল করেন। শনিবার ফাইনালে মোহনবাগান নর্থ ইস্ট ইউনাইটেডের মুখোমুখি হবে।

*******************

উচ্ছেদ নোটিশ পেয়ে দুর্গাপুর ইস্পাত নগরীতে  দোকান সরানোর সময় চাল ভেঙে মৃত্যু হয়েছে  এক ব্যক্তির। সমীর চক্রবর্তী নামে দুর্গাপুরের ধোবিঘাটের বাসিন্দার চায়ের গুমটি দোকান ছিল  ইস্পাত নগরীর খোলা মার্কেটে। ২৫ বছর ধরে দোকান থেকেই সংসার চালাতেন তিনি।

******************************************************************